



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

গাজীপুর- ১৭০৫

এমএড প্রোগ্রাম

সংশোধিত ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ: ২০১৭-২০১৮ (জুলাই-ডিসেম্বর, ২০১৭ টার্ম)

১৩৪২
শিক্ষার্থী নিবন্ধন পড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর স্কুল অব এডুকেশন পরিচালিত মাস্টার অব এডুকেশন (এমএড) প্রোগ্রামে ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে (জুলাই-ডিসেম্বর, ২০১৭ টার্ম) ১ম সিমস্টারে ভর্তি ইচ্ছুক প্রার্থীদের কাছ থেকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

- ভর্তির ন্যূনতম যোগ্যতা: অনুমোদিত বিশ্ববিদ্যালয়ের বিএড/ডিপ-ইন-এড/বিএজিএড/বেস্ট বা সমমানের ডিগ্রিসহ ন্যূনতম স্নাতক ডিগ্রি।
- ভর্তির আবেদনপত্র বিতরণ, সংগ্রহ ও জমাদানের তারিখ: ০৫-০৫-২০১৭ থেকে ২৫-০৫-২০১৭ তারিখ পর্যন্ত।
 - আবেদনপত্র সংগ্রহ: অফিস চলাকালীন সময়ে বাউবি মনোনীত জনতা ব্যাংকের নির্ধারিত শাখাসমূহে ব্যাংক রশিদের মাধ্যমে ৫০০/- (পাঁচশত) টাকা জমা দিয়ে সংশ্লিষ্ট আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্র থেকে ভর্তির আবেদনপত্র সংগ্রহ করতে হবে।
 - বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.bou.edu.bd) থেকেও ভর্তির আবেদনপত্র ডাউনলোড করা যাবে। সে ক্ষেত্রে ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক রশিদ সংগ্রহপূর্বক পূরণকৃত আবেদনপত্র সংশ্লিষ্ট আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্রে ২৫-০৫-২০১৭ তারিখের মধ্যে জমা দিতে হবে।
 - আবেদনকারী যে স্টাডি সেন্টারে ভর্তি হতে ইচ্ছুক তার সংশ্লিষ্ট আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্রে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র জমা দিতে হবে।
 - বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্রের ঠিকানা জানা যাবে।
- প্রার্থীকে পূরণকৃত আবেদনপত্রের সঙ্গে নিম্নোক্ত কাগজপত্রের সত্যায়িত প্রতিলিপি সংযোজন করতে হবে (সরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক বা প্রথম শ্রেণির সরকারি কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে):
 - সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্র।
 - চারিত্রিক সনদপত্র।
 - জাতীয় পরিচয়পত্র।
 - সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট আকারের ছবি।

প্রার্থীকে আবেদনপত্র পূরণের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতার জন্য নিম্ন হ্রক অনুসারে প্রাপ্ত পয়েন্ট উল্লেখ করতে হবে:

সার্টিফিকেট/ডিগ্রি	ডিভিশন/ক্লাস-এর ক্ষেত্রে পয়েন্ট			গ্রেডিং-এর ক্ষেত্রে পয়েন্ট						
	১ম	২য়	৩য়	৫.০০ স্কেল			৪.০০ স্কেল			
				৪.০০ - ৫.০০	৩.০০ - ৩.৯৯	২.০০ - ২.৯৯	৩.৭৫ - ৪.০০	৩.২৫ - ৩.৭৪	২.৭৫ - ৩.২৪	২.৭৫-এর নিচে
এসএসসি/সমমান	৫	৩	১	৫	৩	১	-	-	-	-
এইচএসসি/সমমান	৫	৩	১	৫	৩	১	-	-	-	-
স্নাতক (পাশ)	৭*	৫	৩	-	-	-	৭	৫	৩	২
স্নাতক (সম্মান)	৮	৬	৪	-	-	-	৮	৬	৪	৩
বিএড/সমমান	৪	৩	২	-	-	-	৪	৩	২	১
স্নাতকোত্তর	১	১	১	-	-	-	১	১	১	০

একাধিক বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকলে একবারই পয়েন্ট গণনা করতে হবে।
বয়সভিত্তিক পয়েন্ট গণনা:
আবেদনকারীর শিক্ষার্থীর বয়স ÷ ১০, এই নিয়মে বয়সের পয়েন্ট গণনা করতে হবে।
ভগ্নাংশ বছরের ক্ষেত্রে ৬ মাস বা তার অধিক মাস পরবর্তী পূর্ণ বছর হিসেবে গণনা করতে হবে। যেমন ৩৫ বছর ৬ মাস ৫ দিন ≈ ৩৬ বছর = ৩.৬ পয়েন্ট হবে।

- ভর্তি পরীক্ষা ও ভর্তি প্রক্রিয়া
 - আগামী ০২-০৬-২০১৭ তারিখ (সকাল: ১০:৩০-১১:১৫ ঘটিকা পর্যন্ত) এমএড প্রোগ্রামের স্টাডি সেন্টারসমূহে ৫০ নম্বরের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার বিষয়বস্তু হবে (১) শিক্ষা তত্ত্বীয় বিষয় এবং শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা (২৫ নম্বর) এবং (২) সাধারণ জ্ঞান বাংলাদেশ ও বিশ্ব (২৫ নম্বর)।
 - শিক্ষাগত যোগ্যতা এবং বয়সভিত্তিক পয়েন্টের সাথে লিখিত পরীক্ষার প্রাপ্ত নম্বর যোগ করে চূড়ান্ত ফলাফল মেধাক্রম অনুসারে ১২-০৬-২০১৭ তারিখে প্রকাশিত হবে।
 - ভর্তি পরীক্ষার ফল বাউবি'র ওয়েবসাইট (www.bou.edu.bd) এবং সংশ্লিষ্ট আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্রে পাওয়া যাবে।
 - মূল তালিকা থেকে ভর্তি: ১২-০৬-২০১৭ থেকে ২২-০৬-২০১৭।
 - অপেক্ষমান তালিকা থেকে ভর্তি: ০৫-০৭-২০১৭ থেকে ১৩-০৭-২০১৭।
 - প্রচলিত পদ্ধতিতে সরাসরি ভর্তি কার্যক্রমের পাশাপাশি Online এ ভর্তি কার্যক্রম চলবে। অর্থাৎ Online Service & Payment System (OSAPS) এর মাধ্যমে এমএড প্রোগ্রামে ভর্তি হওয়া যাবে। এক্ষেত্রে <http://osaps.bou.edu.bd> তে লগইন করে আবেদন ও অর্থ প্রদানসহ ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা যাবে।
 - ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লেখিত যে কোন তথ্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রয়োজনে পরিমার্জন ও পরিবর্তন করতে পারবে।
 - ওরিয়েন্টেশন ক্লাস: ২১-০৭-২০১৭

বিদ্র: মুক্তিযোদ্ধা, ক্ষুদ্র নৃ-জাতি গোষ্ঠী এবং বাউবি'র অভ্যন্তরীণ শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী/তাদের পোষ্যদের জন্য ৫% কোটা সংরক্ষিত থাকবে। এক্ষেত্রে যথাযথ সনদপত্র আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে।

(প্রফেসর মুফিয়া বেগম)
সভাপতি, এমএড ভর্তি কমিটি
শিক্ষাবর্ষ: ২০১৭-২০১৮ (জুলাই-ডিসেম্বর, ২০১৭ টার্ম)

ও
উীন, স্কুল অব এডুকেশন, বাউবি, গাজীপুর।